অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/26/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল নিউ ইয়র্ক স্টেটের অগ্নি নির্বাপক কর্মীদের মিনেসোটাতে দাবানলের সাথে লড়াইয়ে সাহায্য করার জন্য মোতায়েন করেছেন

DEC ক্যালিফোর্নিয়ার ডিক্সি ফায়ার থেকে হোম ফরেস্ট রেঞ্জারকে স্বাগত জানাচ্ছে, তৃতীয় রেঞ্জারকে 2021 সালে দাবানলের বিরুদ্ধে লড়াই করতে প্রেরণ করা হয়েছে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) থেকে 20 জন দাবানল নির্বাপক কর্মী মিনেসোটা যাচ্ছেন যেখানে তাদের গ্রিনউডে অগ্নিনির্বাপণ প্রচেষ্টায় সহায়তা করার জন্য নিযুক্ত করা হবে। ক্যালিফোর্নিয়ায় ডিক্সি ফায়ারের বিরুদ্ধে লড়াইয়ে দুই সপ্তাহের দায়িত্ব পালনের শেষে গভর্নর হোচুল DEC ফরেস্ট রেঞ্জার রবি মেকাসকে গৃহে প্রত্যাবর্তন করে স্বাগত জানান। এই মাসের শুরুর দিকে, DEC ফরেস্ট রেঞ্জার মাইকেল বার্কহোল্ডার মন্টানার অ্যালডার ক্রিক এবং ট্রেল ক্রিকের আগুনের সাথে লড়াই থেকে ফিরে এসেছেন। জুলাই মাসে, DEC ফরেস্ট রেঞ্জার টিমোথি কার্পেন্টার ওরেগনে বুটলেগ আগুনের সাথে লড়াইয়ে সাহায্য করার পর বাড়ি ফিরে এসেছেন।

"হাজার হাজার মানুষ তাদের বাড়িঘর ও ব্যবসা হারাচ্ছেন বিধ্বংসী দাবানলে, এবং আমি কৃতজ্ঞ যে আমরা প্রয়োজনে তাদের সাহায্য প্রদান করতে পারছি, ঠিক যেমন আমাদের ভগিনী রাজ্যগুলি অসংখ্যবার দুর্যোগের সময় আমাদের সাহায্য করেছে," **গভর্নর হোচুল বলেন।** "আজ, আমি রেঞ্জার মেকাসকে স্বাগত জানাই এবং ক্যালিফোর্নিয়ায় আগুন নেভানোর উদ্দেশ্যে তার পরিষেবার জন্য তাকে ধন্যবাদ জানাই। আমি তাকে এবং সমস্ত সাহসী অগ্নিনির্বাপকদের নিয়ে গর্বিত যারা স্বেচ্ছায় এই দাবানলগুলির সামনের সারিতে যাত্রা করে সম্প্রদায়গুলিকে ক্ষতির হাত থেকে রক্ষা করার জন্য এবং আমি সমস্ত নিউ ইয়র্কবাসীর সাথে যোগদান করছি তাদের নিরাপদ প্রত্যাবর্তনের জন্য প্রার্থনা করছি।"

নিউ ইয়র্কের কর্মীদের জন্য সমস্ত পার্সোনেল এবং ভ্রমণের খরচ হয় সরাসরি মার্কিন বন পরিষেবার (U.S. Forest Service) দ্বারা প্রদান করা হয় অথবা রাজ্য এবং ফেডারেল ভূমি সংস্থাগুলির মধ্যে পারস্পরিক সহায়তার চুক্তির ভিত্তিতে নিউ ইয়র্ক রাজ্যকে ফেরত দেওয়া হয়।

এসেক্স কাউন্টির রেঞ্জার মেকাস, 12 আগস্ট তার কাজ শুরু করেন, যখন তিনি ক্যালিফোর্নিয়ার ডিক্সি আগুনের সাথে লড়াইরত হাজার হাজার ফেডারেল, রাজ্য এবং স্থানীয় অগ্নি নির্বাপক কর্মীদের সাথে যোগ দেন। রেঞ্জার মেকাস ন্যাশনাল ওয়াইল্ডফায়ার কোঅর্ডিনেটিং গ্রুপ (National Wildfire Coordinating Group, NWCG)-র প্ল্যানস সেকশন চিফ 2, প্রশিক্ষণার্থী হিসেবে প্রত্যয়িত। মার্কিন যুক্তরাষ্ট্রে, মাত্র কয়েকজন দাবানল অগ্নিনির্বাপক এই বিশেষজ্ঞ স্তরের শংসাপত্র অর্জন করেছেন।

ডিক্সি ফায়ার 13 জুলাইয়ে শুরু হয়েছিল এবং প্লুমাস ন্যাশনাল ফরেস্ট, লাসেন ন্যাশনাল ফরেস্ট এবং লাসেন ভলক্যানিক ন্যাশনাল পার্ক জ্বালিয়ে চলেছে। আজ অবধি, এই আগুন চারটি কাউন্টিতে আনুমানিক 735,000 একর ভূমি পুড়িয়েছে এবং বর্তমানে এটি আনুমানিক 45 শতাংশ নিয়ন্ত্রণে আছে। ডিক্সি ফায়ার হল ক্যালিফোর্নিয়ার ইতিহাসের দ্বিতীয় বৃহত্তম দাবানল, যা অগাস্ট কমপ্লেক্স ফায়ারের পরে দ্বিতীয়, যা গত বছর এক মিলিয়ন একরেরও জমি বেশি পুড়িয়েছিল।

DEC কমিশনার বাসিল সেগোস বলেন, "DEC দমকলকর্মীরা পর্দার আড়ালে একটি দল তত্ত্বাবধান করুন, একটি কমান্ড সংস্থা স্থাপন করুন, বা আগুনের সম্মুখ সারিতে কাজ করুন, এই নিউ ইয়র্কবাসীরা দেশের সব চেয়ে ভাল দাবানল অগ্নিনির্বাপকদের মধ্যে পরেন। বিপন্যদের সাহায্য করার জন্য তাদের অঙ্গীকারবদ্ধতা এবং ইচ্ছা আমাকে সব সময় মুগ্ধ করে। DEC-র বিশেষজ্ঞ দাবানল অগ্নিনির্বাপকরা যেখানেই প্রয়োজন হোক না কেন সেখানে তাদের কাজ করতে প্রস্তুত এবং আমি তাদের ধন্যবাদ জানাই তাদের পরিষেবার জন্য।"

গ্রীনউডের উদ্দেশ্যে রওনা হওয়া নিউ ইয়র্ক রাজ্যের অগ্নিনির্বাপকদের দুই সপ্তাহের জন্য আগুনের সম্মুখ সারিতে মোতায়েন থাকবেন। DEC-র বন সুরক্ষা, ভূমি ও বন, মাছ এবং বন্যপ্রাণী, অপারেশনস এবং পরিবেশগত প্রতিকার কর্মীদের দ্বারা এই কর্মীর দল গঠিত। গ্রিনউড লেকের কাছে গ্রিনউডের আগুন 15 আগস্টে শুরু হয়েছিল এবং ধারণা করা হয় যে এটি বজ্রপাতের কারণে ঘটে। এলাকার আনুমানিক 75টি গৃহ থেকে মানুষদের সরিয়ে নেওয়ার কাজ চলছে এবং আজ পর্যন্ত আগুনে প্রায় 22,000 একর আগুনে পুড়ে গেছে।

পশ্চিমের রাজ্যগুলিতে দাবানল শুধু পশ্চিম আমেরিকার জন্যই বিধ্বংসী নয়, তারা নিউ ইয়র্কের বায়ুর গুণমানকেও প্রভাবিত করছে। 20 জুলাই, কানাডা এবং পশ্চিম মার্কিন যুক্তরাষ্ট্রে আগুনের কারণে সৃষ্ট সূক্ষ্ম কণিকার কারণে সম্পূর্ণ নিউ ইয়র্ক রাজ্য একটি বায়ুর গুণমানের স্বাস্থ্য উপদেষ্টার অধীনে ছিল। বায়ুর গুণমানের স্বাস্থ্য উপদেষ্টা জারি করা হয় যখন DEC আবহাওয়াবিদরা আশা করেন যে দূষণের মাত্রা, হয় ওজোন বা সূক্ষ্ম কণা, একটি 100 মনের বায়ু গুণমান সূচক (AQI) ছাড়িয়ে যাবে। সূক্ষ্ম কণার সংস্পর্শ স্বল্পমেয়াদী স্বাস্থ্যের প্রভাব সৃষ্টি করতে পারে যেমন চোখ, নাক এবং গলায় জ্বালা, কাশি, হাঁচি, নাক দিয়ে পানি পড়া এবং শ্বাসকষ্ট। সূক্ষ্ম কণার উচ্চ মাত্রায় সংস্পর্শ হাঁপানি এবং হৃদরোগের মতো চিকিৎসাগত সমস্যাকে আরও খারাপ করতে পারে। নিউ ইয়র্ক রাজ্য যখনই পরিস্থিতি তা আবশ্যক করবে জনস্বাস্থ্য রক্ষায় সহায়তার জন্য অ্যাডভাইজরি জারি করবে।

1979 সালে, নিউ ইয়র্ক প্রথম অগ্নিনির্বাপক কর্মীদের পাঠিয়েছিল পশ্চিম রাজ্যগুলিকে বড় দাবানলের সাথে লড়াইয়ে সাহায্য করতে। প্রতি বছর গড়ে দাবানলে সাহায্য করার জন্য প্রয়োজন মত একটি বা দুটি কর্মীদল প্রেরণ করা হয়েছে। দাবানল নিয়ন্ত্রণ করতে এবং ক্ষয়ক্ষতি কমাতে সাহায্য করার পাশাপাশি, এই কর্মীরা মূল্যবান অভিজ্ঞতা অর্জন করে যা দাবানলের সাথে লড়াই করতে এবং নিউ ইয়র্কের সমস্ত ঝুঁকিপূর্ণ ঘটনাগুলির ব্যবস্থাপনা করতে কাজে লাগানো যেতে পারে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন